

# শেকুবিতে বর্ণাঢ্য আয়োজনে কৃষিবিদ দিবস পালিত

শেকুবি সংবাদদাতা

প্রকাশ : ১৩ ফেব্রুয়ারি ২০২১, ১৩:১৭



[ছবি: ইত্তেফাক]

রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে বর্ণাঢ্য আনন্দ র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে কৃষিবিদ দিবস পালিত হয়েছে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

শনিবার সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও বেলুন উড়িয়ে দিবসের শুভ উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. মো. শহীদুর রশীদ ভূঁইয়া।

এরপরে আনন্দ র্যালি বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা চত্বর থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনে এসে শেষ হয়।

পরে ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. ফরহাদ হোসেনের সঞ্চালনায় সংক্ষিপ্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. মো. শহীদুর রশীদ ভূঁইয়া ও কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. নজরুল ইসলাম।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন পোস্ট গ্রাজুয়েট স্টাডিজের ডিন প্রফেসর ড. অলোক কুমার পাল, প্রক্টর ড. মো. হারুন-উর-রশীদ, রেজিস্ট্রার শেখ রেজাউল করিম সহ বিভিন্ন অনুষদের ডিন, পরিচালক, হল প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও ছাত্রলীগের নেতাকর্মীরা।

উপাচার্য ড. মো. শহীদুর রশীদ ভূঁইয়া বলেন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশের সাধারণ মানুষের জন্য, এদেশের কৃষি ও কৃষকের জন্য বেশ আন্তরিক ছিলেন। তিনি যতটা গভীরভাবে মানুষের দুঃখ দুর্দশা পর্যালোচনা করেছেন তা অন্য কোনো নেতা করেন নি। তাই স্বাধীনতার পর পরই কৃষির উন্নয়নকে সর্বোচ্চ গুরুত্ব দেন। তিনি কৃষি ব্যবস্থাকে আধুনিকীকরণসহ কৃষিবিদদের প্রথম শ্রেণীর মর্যাদা প্রদান করেন। এর ফলশ্রুতিতে কৃষিবিদরা যেমন সম্মানিত হয়েছেন তেমনি দেশে কৃষিরও ব্যাপক উন্নতি ঘটেছে।'

১৯৭৩ সালের ১৩ই ফেব্রুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষিবিদদের প্রথম শ্রেণীর মর্যাদা প্রদান করেন। এরই প্রেক্ষিতে ২০১০ সালের ২৭ নভেম্বর কৃষিবিদ ইনস্টিটিউশনের (কেআইবি) এক সাধারণ সভায় ১৩ ফেব্রুয়ারিকে কৃষিবিদ দিবস হিসেবে ঘোষণা করা হয়।